

## ইকফাই-এর বার্ষিক উৎসব সম্পন্ন হল

কামালঘাট, ২ ফেব্রুয়ারী :

শৃঙ্খলা ও উচ্চাসের মোড়কে বৃহস্পতিবার সম্পন্ন হল ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার বার্ষিক সাংস্কৃতিক উৎসব ‘আইকারিয়া২০১৮’। সোমবার শুরু হয়েছিল চারদিনের উৎসব। শেষ দু’দিন সেলিব্ৰেটি দেব নেগি এবং ডিজে-হরিশের অনুষ্ঠান দেখতে বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে দর্শকদের ভীড় উপচে পড়ে। উচ্চাস থাকলেও শৃঙ্খলায় কোনও ভাট্টা পড়েনি।

বৃহস্পতিবার সন্ধ্যায় বহুকাঞ্চিত ফ্যাশন শো এবং হরিশের ডিজে শুরু হওয়ার আগে সংক্ষিপ্ত এক সমাপ্তি অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন উপজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা রবীন্দ্র রিয়াৎ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আগরতলা সরকারী চিকিৎসাবিজ্ঞান মহাবিদ্যালয় ও জিবি হাসপাতালের বিশেষ দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ডঃ সমর্পিতা দত্ত। সন্মানিত অতিথি হিসাবে ছিলেন আইএলএস হাসপাতালের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ডঃ শুভময় ঘোষ। অনুষ্ঠানে পৌরিহত্য করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক বিপ্লব হালদার। অনুষ্ঠানের অতিথিরা তাদের সংক্ষিপ্ত ভাষণে ইকফাই বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের জীবনশৈলী অর্জনে আরো বেশী পরিশ্রম করার আহ্বান জানান।